

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারী ২৪, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ৫ ফাল্গুন ১৪১০/১৭ ফেব্রুয়ারী ২০০৪

এস, আর, ও নং ৪১/আইন/২০০৪—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৬০ আইন/২০০২, তারিখ ২৩শে ডিসেম্বর, ২০০২ ইংরেজী মোতাবেক ৯ই পৌষ, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লেখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য ঠাকুরগাঁও জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদদ্বারা ঠাকুরগাঁও জেলার রানীশংকৈল উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৭ই ফাল্গুন, ১৪১০ বাংলা মোতাবেক ১৯শে ফেব্রুয়ারী, ২০০৪ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি রানীশংকৈল মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(৭৬৫)

মূল্য : টাকা ১.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	হোসেনগাঁও	রানী শংকৈল	৯২	১-১৯১, ১৯৩-৩৮৯, ৩৯৬-৪০১, ৪১০, ৪১৩, ৪২০, ৪২৪
(২)	হোসেনগাঁও	ভাভারা	৮৯	২০, ২৪-৩৭, ৩৯, ১১১-১১৮, ১৩০-১৭৮, ১৮০-১৯৭, ১৯৯-২৪৫, ২৪৭-৩৩৩, ৩৩৫-৩৬৯, ৩৭১-৩৮০, ৩৮২, ৫২৭-৫৫৩, ৫৫৬-৬৪৮, ৬৫১, ৬৫২, ৮৩৬, ৮৩৭, ৮৭৩-৮৯৮, ৮৯৯, ৯০১, ৯০২, ৯০৪-৯৫২, ৯৭৪-৯৮০, ৯৮৩-১০১৭, ১০১৯-১০৫৪, ১০৬৪-১০৮৮, ১০৮৯, ১০৯১, ১০৯২, ১০৯৪, ১০৯৫, ১০৯৭, ১১০৯, ১২০১-২৪৩৭।
(৩)	হোসেনগাঁও	দক্ষিণ বাঁশবাড়ী	৮৮	১-১২, ১৫, ১৬, ৪৯, ৫০, ৫১।
(৪)	হোসেনগাঁও	মহলবাড়ী	৬৭	১-২২, ২৪-৪০, ৬১-৮০, ৮২-৯৯, ১০২-১২৫, ১২৭-১৩৪, ১৩৬, ১৩৮, ১৪০-১৭০, ১৭৮, ১৭৯, ১৮২, ১৮৩, ৩১২, ৩১৩।
(৫)	হোসেনগাঁও	বাঁশবাড়ী	৯১	১৪৭-১৫৪, ২০১-২১০, ২১২, ২১৪-২৬২, ২৬৪, ২৬৫, ২৬৭-২৮৬, ৩১৪, ৩১৯, ৩২১, ৩২২-৩২৪, ৩২৬, ৩২৯।
(৬)	হোসেনগাঁও	নয়নপুর	৪৬	৩৫১-৩৫৩, ৩৫৫-৩৫৭, ৪৫৪-৪৫৭, ৪৭৪-৪৮৫, ৪৮৮-৫০৮।
(৭)	বাচোর	দোশিয়া	৬৬	১২-২০, ২৯, ৩৫, ৩৯-৪১, ৫৪-৫৭, ৬০, ৫৭২-৫৯০, ৭৭৩।
(৮)	বাচোর	সহোদর	৯৩	১-৭, ৩৮১, ৪০৩-৪০৫, ১২৭৪-১২৭৭
(৯)	ননদুয়ার	সকারই	৬৯	৫১৮৫, ৫১৯০-৫২০১, ৫২০৩-৫২০৭, ৫২০৮ (আংশিক), ৫৬৭০।

রত্নপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।